# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


**শৃঙ্খলা পরিদপ্তর**
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৫.২৫-২৬

তারিখঃ ২২-১০-১৪৩২ বঃ
০৫-০২-২০২৬ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব হামিদা ফারজানা, আইডি নং-৮৮০৯২৮০০১, উর্ধ্বতন হিসাব সহকারী, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর অনুকূলে সন্তানসহ তার স্বামীর সাথে দেখা করার উদ্দেশ্যে গত ১১/০৫/২০২৪ খ্রিঃ হতে অথবা যাত্রার তারিখ হতে যুক্তরাজ্য (লন্ডন) গমনের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ২২(১) মোতাবেক ৬০ (ষাট) দিন পূর্ণগড় বেতনে বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। সে হিসেবে ০৯/০৭/২০২৪ খ্রিঃ তারিখে তার ৬০ (ষাট) দিন বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির মেয়াদ শেষ হয়। কিন্তু, তিনি নির্ধারিত সময়ে দপ্তরে যোগদান না করায় তার দপ্তর হতে অনুপস্থিতির কারণ দপ্তরকে অবহিত করণের নিমিত্ত তাকে বিভিন্ন সময়ে তিনটি পত্র প্রেরণ করা হয়। কিন্তু, তিনি উক্ত পত্রসমূহের কোন জবাব প্রেরণ করেননি বা দপ্তরের সাথে কোনোরূপ যোগাযোগ করেননি। এরূপ প্রেক্ষাপটে উল্লেখিত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৫.২৫-১১৫, তারিখঃ ২৫/০৫/২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত পত্রটি তার কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয় এবং একইসাথে পত্রটি তার স্থায়ী ঠিকানায় প্রাপ্তি স্বীকারপত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয়। জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী তার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগের জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। অতঃপর, জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৫.২৫-১৫৫; তারিখঃ ১৬/০৭/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী এর বিরুদ্ধে অভিযোগনামায় আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় তার ওপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের লক্ষ্যে তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্ত পূর্বক শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৫.২৫-০৩; তারিখ: ০৮/০১/২০২৬ খ্রিঃ এর মাধ্যমে প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না এই মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করতঃ ৭(সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশটি তার কর্মস্থলের ঠিকানা অর্থাৎ জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী, হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং স্থায়ী ঠিকানা অর্থাঃ জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী, ২২৬, পশ্চিম ধানমন্ডি, রোড-১৯(পুরাতন), ঢাকা-১২০৯ এর ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয়। একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় এবং বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি "প্রাপক না থাকায় ফেরত" মন্তব্য সহকারে ফেরত আসে। ফলে তার নিকট থেকে জবাব পাওয়ার সম্ভাবনা নেই মর্মে প্রতীয়মান হয়।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় এবং চাকরি হতে বরখাস্ত দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল হতে বিরত থাকায় তার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়নের অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১০/০৭/২০২৪ খ্রিঃ তারিখ হতে তার ওপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জনাব হামিদা ফারজানা, আইডি নং-৮৮০৯২৮০০১, উর্ধ্বতন হিসাব সহকারী, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১০/০৭/২০২৪ খ্রিঃ তারিখ হতে বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

5.2.2025

(মোঃ আতিকুর রহমান)
পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৬৮০২২৫০০১

E:\Rashed\Office Order\Dismissal from Service.docx36

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৫.২৫-২৬(১৫)

তারিখঃ ২২-১০- ১৪৩২ বঙ্গাব্দ
০৫-০২-২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। পরিচালক, বোর্ড/কর্মচারী/হিসাবরক্ষণ/অর্থ/অডিট/প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।

৫। উপপরিচালক (অহিনি), কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

৭। (ক) জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী, হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
(খ) জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী, ২২৬, পশ্চিম ধানমন্ডি, রোড-১৯(পুরাতন), ঢাকা-১২০৯।

৮। অফিস কপি/মাস্টার কপি।

০৫/০২/২৬

(মোঃ মনিরুজ্জামান)
উপপরিচালক
পরিচিতি নং-৬৭০৬২৪০০১